দৈনিক বাংলা

তারিখ... 10 OCT 1990
পৃষ্ঠা... ১ ...কলাম... ২ ...

## একনেকের সিদ্ধান্ত

# আরো ৪ হাজার প্রাইমারী স্কুল স্থাপিত হবে

জাতীয় অর্থনৈতিক পরিষদ নির্বাহী কমিটি (একনেক) প্রেসিডেন্টের অনুমোদনের জন্য ৭৭ কোটি ৫৬ লাখ

(৪–এর পৃঃ দ্রঃ)

## স্কুল স্থাপিত হবে

(প্রথম পৃঃ পর)

টাকার বৈদেশিক মুদ্রাসহ এক হাজার একশ ২৭ কোটি ৫৪ লাখ টাকার ৬টি প্রকল্প সুপারিশ করেছে।

মঙ্গলবার সচিবালয়ের কেবিনেট কক্ষে একনেকের চেয়ারম্যান ভাইস প্রেসিডেন্ট মওদুদ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এই সুপারিশ করা হয়। খবর বাসসর।

পরিবেশ ও বন সম্পদমন্ত্রী জাফর ইমাম, কৃষিমন্ত্রী সর্দার আমজাদ হোসেন, সেচ পানি উন্নয়ন ও বন্যা-নিয়ন্ত্রণ মন্ত্রী এ বি এম গোলাম মোস্তফা, কেবিনেট সচিব এম কে আনোয়ার, পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ, বাংলাদেশ ব্যাংকের গবর্নর, সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের সচিবগণ সরকারের অন্যান্য পদস্থ কর্মকর্তার সঙ্গে সভায় উপস্থিত ছিলেন।

৬টি প্রকল্পের মধ্যে ৫টি আগামী জানুয়ারী থেকে সরকারের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অধীন এবং এর আগে একনেকের বিগত সভায় এসব প্রকল্প নীতিগতভাবে সুপারিশ করা হয়।

এসব প্রকল্প সমাপ্ত হলে ১০ হাজার শ্রেণী কক্ষ নির্মাণ, ১২ হাজার শ্রেণী কক্ষ মেরামত এবং প্রাথমিক পর্যায়ে ছাত্র সংখ্যা বৃদ্ধি করতে দেশের বিদ্যালয়বিহীন এলাকাগুলোতে ৪ হাজার নয়া বিদ্যালয় স্থাপিত হবে। এসব প্রকল্প বাস্তবায়িত হলে ১০ হাজার নয়া শিক্ষক নিয়োগ করা যাবে। তাদের অধিকাংশই হবে মহিলা।

৬ষ্ঠ প্রকল্পটি হচ্ছে রাজস্ব আদায় জোরদার, ভ্যালুএ্যাডেড ট্যাক্স (ভিএটি) বাস্তবায়ন ও দেশে চোরাচালান প্রতিহত করতে অভ্যন্তরীণ সম্পদ ডিভিশনের কারিগরি সাহায্য প্রকল্প।